গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কানাইঘাট, সিলেট
www.kanaighat.sylhet.gov.bd

## ১৪৩১ বাংলা সনের জন্য কানাইঘাট উপজেলার হাট-বাজারসমূহের ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্দারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, কানাইঘাট উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের (১লা বৈশাখ থেকে ৩০শে চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত সিডিউল ও শর্তাবলী অনুসারে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তির স্থানঃ
(ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট
(গ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, কানাইঘাট, সিলেট
(ঘ) কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট
(ঙ) সোনালী ব্যাংক লিমিটেড, কানাইঘাট শাখা, কানাইঘাট, সিলেট

০২। দরপত্র দাখিলের স্থানঃ
(ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(খ) পুলিশ সুপারের কার্যালয়, সিলেট
(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট
(ঘ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, কানাইঘাট, সিলেট

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচি নিম্নরূপ :

| পর্যায় | দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৪ ফেব্রুয়ারি ২০২৪<br>০১ ফাল্গুন ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ১৫ ফেব্রুয়ারি ২০২৪<br>০২ ফাল্গুন ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১৫ ফেব্রুয়ারি ২০২৪<br>০২ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ৩.০০ ঘটিকা | - |
| ২য় পর্যায় | ২৭ ফেব্রুয়ারি ২০২৪<br>১৪ ফাল্গুন ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ২৮ ফেব্রুয়ারি ২০২৪<br>১৫ ফাল্গুন ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২৮ ফেব্রুয়ারি ২০২৪<br>১৫ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ০৩.০০ ঘটিকা | ১ম পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৩য় পর্যায় | ১২ মার্চ ২০২৪<br>২৮ ফাল্গুন ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ১৩ মার্চ ২০২৪<br>২৯ ফাল্গুন ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১৩ মার্চ ২০২৪<br>২৯ ফাল্গুন ১৪৩০<br>বিকাল ০৩.০০ ঘটিকা | ১ম ও ২য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৪র্থ পর্যায় | ১৯ মার্চ ২০২৪<br>০৫ চৈত্র ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ২০ মার্চ ২০২৪<br>০৬ চৈত্র ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২০ মার্চ ২০২৪<br>০৬ চৈত্র ১৪৩০<br>বিকাল ০৩.০০ ঘটিকা | ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৫ম পর্যায় | ২৭ মার্চ ২০২৪<br>১৩ চৈত্র ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ২৮ মার্চ ২০২৪<br>১৪ চৈত্র ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২৮ মার্চ ২০২৪<br>১৪ চৈত্র ১৪৩০<br>বিকাল ০৩.০০ ঘটিকা | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৬ষ্ঠ পর্যায় | ০২ এপ্রিল ২০২৪<br>১৯ চৈত্র ১৪৩০<br>অফিস চলাকালীন পর্যন্ত | ০৩ এপ্রিল ২০২৪<br>২০ চৈত্র ১৪৩০<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৩ এপ্রিল ২০২৪<br>২০ চৈত্র ১৪৩০<br>বিকাল ০৩.০০ ঘটিকা | ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয় |

হাটবাজারের তালিকা:

| ক্রমিক | ইউনিয়ন | বাজারের নাম | ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | লক্ষীপ্রসাদ পূর্ব | মমতাজগঞ্জ বাজার | ৮,৭২,০২৭.০০ | ২৪০০ | |
| ২ | লক্ষীপ্রসাদ পূর্ব | নয়াবাজার | ৩৪,১৮৫.০০ | ৫০০ | |
| ৩ | লক্ষীপ্রসাদ পূর্ব | মুলাগুল বাজার | ২,১২০.০০ | ৫০০ | |
| ৪ | লক্ষীপ্রসাদ পূর্ব | ডনা বাজার | ৩১,০৫৮.০০ | ৫০০ | |
| ৫ | লক্ষীপ্রসাদ পূর্ব | আন্দুরমুখ বাজার | ১,১১,৩০০.০০ | ১০০০ | |
| ৬ | লক্ষীপ্রসাদ পশ্চিম | সুরইঘাট বাজার | ১১,৪৫,৬৮৪.০০ | ৩০০০ | |
| ৭ | লক্ষীপ্রসাদ পশ্চিম | বড়বন্দ বাজার | ৪৬,৪৪৯.০০ | ৫০০ | |
| ৮ | সাতবাঁক | ভবানীগঞ্জ বাজার | ২,০৫,৬৪০.০০ | ১২০০ | |
| ৯ | সাতবাঁক | বাংলা বাজার | ১৪,৫৫৮.০০ | ৫০০ | |
| ১০ | বড়চতুল | চতুল বাজার | ১১,১৮,৫৪৭.০০ | ৩০০০ | |
| ১১ | বড়চতুল | মালীগ্রাম বাজার | ৩,১৮০.০০ | ৫০০ | |
| ১২ | কানাইঘাট | বীরদল বাজার | ৫০,৭৩৯.০০ | ৫০০ | |
| ১৩ | কানাইঘাট | উমরগঞ্জ বাজার | ৩,৩২২.০০ | ৫০০ | |
| ১৪ | দক্ষিণ বাণীগ্রাম | বড়দেশ বাজার | ৬,৭৩১.০০ | ৫০০ | |
| ১৫ | দক্ষিণ বাণীগ্রাম | মানিকগঞ্জ বাজার | ১৫৯০.০০ | ৫০০ | |
| ১৬ | দক্ষিণ বাণীগ্রাম + ঝিঙ্গাবাড়ী | গাছবাড়ী বাজার | ২৬,১৪,১৩৭.০০ | ৬০০০ | |
| ১৭ | ঝিঙ্গাবাড়ী | সীমার বাজার | ০ | ৫০০ | মামলাভূক্ত |
| ১৮ | ঝিঙ্গাবাড়ী | মুকিগঞ্জ বাজার | ৬,৫৮৫.০০ | ৫০০ | |
| ১৯ | রাজাগঞ্জ | রাজাগঞ্জ বাজার | ৬১,৩৬২.০০ | ৫০০ | |
| ২০ | রাজাগঞ্জ | তালবাড়ী বাজার | ১৭,৪৯০.০০ | ৫০০ | |

## ১৪৩১ বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী:

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোনো ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের আহ্বান হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। সীলমোহরকৃত খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোনো প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোনো শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। ইজারা গৃহীতাকে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রতিপালন করতে হবে।

২৮/০১/২০২৪

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর ০৫.৪৬.৯১৫৯.০০০.০৩.০১৮.১৮.৭০৯

তারিখ : ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

বিতরণ:

০১। সহকারী কমিশনার (ভূমি), কানাইঘাট, সিলেট

০২। অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট

০৩। উপজেলা ....................অফিসার (সকল) কানাইঘাট, সিলেট (অবগতি ও বহুল প্রচারের জন্য)

০৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কানাইঘাট শাখা, কানাইঘাট, সিলেট

০৫। চেয়ারম্যান................ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট। (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউপির অন্তর্গত হাট-বাজারে মাইকযোগে ও ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................ইউনিয়ন ভূমি অফিস (সকল), কানাইঘাট, সিলেট। (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউপির অন্তর্গত হাট-বাজারে মাইকযোগে ও ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৭। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, কানাইঘাট, সিলেট

০৮। সভাপতি/ সাধারণ সম্পাদক,........................... বাজার কমিটি (সকল), কানাইঘাট, সিলেট। অবগতি ও বহুল প্রচারের জন্য

০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কানাইঘাট, সিলেট

১০। জনাব..........................ইজারাদার,.................................কানাইঘাট, সিলেট

১১। সম্পাদক, ............................................ পত্রিকা, সিলেট। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভেতরের পাতায় আগামী ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে ৪ কলামে ১৫ ইঞ্চি পরিমাণে স্বল্প পরিসরে ১ (এক) দিনের জন্য প্রকাশ পূর্বক প্রকাশিত পত্রিকার কপি একার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো

অনুলিপি:

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, সিলেট

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট

০৪। জেলা প্রশাসক, সিলেট

০৫। পুলিশ সুপার, সিলেট

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

০৭। উপজেলা নির্বাহী অফিসার,.......................(সকল), সিলেট

০৮। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট

০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

২৮/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
কানাইঘাট, সিলেট